



বৃহস্পতিবার নর্থ-সাউথ ইউনিভার্সিটির কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতা করছেন শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম এহসানুল হক মিলন —সংবাদ

এনএসইউতে কর্মশালা

ছাত্রদের দিয়ে শিক্ষকদের মূল্যায়ন একটি মহতী উদ্যোগ : শিক্ষা প্রতিমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক : শিক্ষা প্রতিমন্ত্রী আ.ন.ম এহসানুল হক মিলন বলেছেন, ছাত্রদের দিয়ে শিক্ষকদের মূল্যায়ন একটি চমকপ্রদ এবং মহতী উদ্যোগ। এ উদ্যোগ নিয়ে নর্থ সাউথ ইউনিভার্সিটি এনএসইউ ধন্যবাদ পাওয়ার যোগ্য এবং নতুন একটি কাজ করেছে।

বৃহস্পতিবার নর্থ সাউথ ইউনিভার্সিটির উদ্যোগে 'Excellence in teaching : Myths and Realities' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। এ সময় বক্তৃতা করেন ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা ডাইস চেয়ারম্যান বেনজীর আহমেদ, ড. হাফিজ জিএ, ড. এএনএম মেসকাওয়াত, সাদিয়া সুলতানা প্রমুখ।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, ছাত্র ও শিক্ষকের মধ্যে সম্পর্ক তৈরির উত্তম পছা হচ্ছে জ্ঞান বিতরণ প্রক্রিয়া। ছাত্রদের মাধ্যমে শিক্ষকের মূল্যায়ন করা হলে শিক্ষক এবং শিক্ষারও উন্নয়ন হয়।

ইউনিভার্সিটির ডাইস চেয়ারম্যান বেনজীর আহমেদ বলেন, যাতে এ প্রতিষ্ঠানের ছাত্ররা দেশে বা বাইরের শিক্ষা অথবা চাকরি বাজারে প্রতিদ্বন্দ্বিতা করতে পারে তার জন্য উন্নতমানের অনুশদ স্থাপন করা হয়েছে। শিক্ষার পরিবেশ সৃষ্টি করা হয়েছে।